

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date : 01-10-2025  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Durga Puja Maha Ashtami :**

শারদীয়া দুর্গোৎসবের আজ মহা নবমী।

#####Byte-DHAK DHOL #####

লোকাচার মেনে গতকাল সর্বত্র মহা অষ্টমীর পূজার আয়োজন করা হয়। সন্ধ্যায় আলোর রোশনাই ও বর্ণাঢ্য সাজ-সজ্জার মধ্য দিয়ে সর্বত্র যেন প্রকাশিত হচ্ছে আনন্দ উৎসবেরই রূপ রস সুর। মহাষ্টমীর সন্ধ্যায় রাজ্যের বিভিন্ন প্রান্তে সার্বজনীন পূজো মণ্ডপগুলোতে ধর্ম, বর্ণ সম্প্রদায় নির্বিশেষে অগণিত মানুষ ভিড় করেছেন। দেবী দুর্গার মূর্তি-পূজো দর্শনে বেরিয়েছেন আবাল বৃদ্ধ বনিতা। গতকাল সকালে ধলেশ্বরে রামকৃষ্ণ মিশনে কুমারী পূজো করা হয়।

ত্রিপুরায় দুর্গাপূজার এক বিশেষ উল্লেখ্য বিষয় হল - আগরতলার দুর্গা বাড়ির পূজো। সরকারি পৃষ্ঠপোষকতায় এখানে দুর্গা পূজো হয়। রাজ আমল থেকে রীতি মেনে ঐতিহ্যবাহী দুর্গা বাড়িতে দেবী দুর্গা পূজিত হন। পুরোহিত জানান, ত্রিপুরার মহারাজা কৃষ্ণ কিশোর মানিক্য ঊনবিংশ শতকে ত্রিপুরাতে দুর্গাপূজা প্রচলন করেছিলেন। ১৯৪৯ সালে ত্রিপুরা ভারতে অন্তর্ভুক্ত হবার পর থেকে এই পূজার যাবতীয় দায়িত্ব ভার গ্রহণ করে রাজ্য সরকার।

\*\*\*\*\*

## **PRESIDENT :**

রাষ্ট্রপতি মূর্মু, গতকাল রাষ্ট্রপতির দেহরক্ষীকে হীরক জয়ন্তী রৌপ্য ট্রাম্পেট এবং ব্যানার উপহার দিলেন। ১৯৫০ সালে পিবিজি হিসেবে মনোনীত হওয়ার পর থেকে ৭৫ বছরের গৌরবময় সেবার স্বীকৃতিস্বরূপ রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু রাষ্ট্রপতির দেহরক্ষী (পিবিজি) কে এই উপহার দিলেন। তিনি পিবিজিকে তাদের পেশাদার উৎকর্ষতা এবং সর্বোত্তম সামরিক ঐতিহ্যের প্রতি আনুগত্যের জন্য অভিনন্দন জানান। রাষ্ট্রপতি আত্মবিশ্বাস ব্যক্ত করেন যে সমস্ত দেহরক্ষীদের জানা উচিত যে, এই সম্মানের সাথে একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে।

\*\*\*\*\*

## **PM-RSS :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লিতে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (আরএসএস)-এর শতবর্ষ উদযাপনে অংশগ্রহণ করবেন। শতবর্ষ উদযাপনে আর.এস.এস. এর উত্তরাধিকার, এর সাংস্কৃতিক অবদান এবং দেশের ঐক্যে সংঘের ভূমিকা তুলে ধরা হবে। এই উপলক্ষে, প্রধানমন্ত্রী জাতির প্রতি আর.এস.এস.-এর অবদান তুলে ধরে বিশেষভাবে ডিজাইন করা স্মারক ডাকটিকিট এবং মুদ্রা প্রকাশ করবেন।

\*\*\*\*\*

## **Bihar-Voter list :**

বিহার বিধানসভা নির্বাচনের চূড়ান্ত ভোটার তালিকা গতকাল প্রকাশিত হয়েছে। এই তালিকার ভিত্তিতে সে রাজ্যে বিধানসভা ভোট গ্রহণ করা হবে। উল্লেখ্য, ২০২৪ সালের লোকসভা নির্বাচনে বিহারে ভোটারের সংখ্যা ছিল ৭ কোটি ৮৯ লক্ষ। এস.আই.আর. অভিযানের সময় মৃত, অন্ত্র স্থানান্তরিত বা একাধিকস্থানে তালিকাভুক্ত প্রায় ৬৫ লক্ষ ভোটারের নাম বাদ দেওয়া হয়েছিল।

\*\*\*\*\*

## **Package Story-SEVA PARV-REFORMS IN RAILWAYS:0১-১০-২০২৫**

জনসেবা ও সুশাসনের ভাবনায় প্রভাবিত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার রূপান্তর ও অগ্রগতির স্বার্থে নিরন্তর কাজ করে চলেছে। গতকাল এই বিশেষ সিরিজ - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকারের রেল সংস্কার ভারতের জীবনরেখাকে আধুনিক করছে, বিশ্বমানের যাতায়াত, নিরাপত্তা বৃদ্ধি এবং প্রতিটি নাগরিকের জন্য নিরবচ্ছিন্ন যোগাযোগ নিশ্চিত করছে।

একটি প্রতিবেদন।

#####VC#####

\*\*\*\*\*

## **SANCHAR SATHI INITIATIVE :**

টেলিযোগাযোগ বিভাগের সঞ্চার সার্থী উদ্যোগে ৬ লক্ষেরও বেশি হারানো এবং চুরি যাওয়া মোবাইল হ্যান্ডসেট উদ্ধারের মাধ্যমে একটি উল্লেখযোগ্য মাইলফলক অতিক্রম করা হয়েছে। এই সাফল্যের মাধ্যমে, যোগাযোগ মন্ত্রক ডিজিটাল প্রশাসনের উপর নাগরিকদের আস্থা আরও জোরদার করে তুলতে পেরেছে। মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, ডিজিটাল ডিজাইনের থিমের উপর নির্মিত সঞ্চার সার্থী মোবাইল চুরি মোকাবেলায় উল্লেখযোগ্য অবদান রেখেছে। ডিজিটাল সুরক্ষা নিশ্চিত করে মন্ত্রক নাগরিকদের সঞ্চার সার্থী পোর্টাল এবং মোবাইল অ্যাপে হারিয়ে যাওয়া বা চুরি যাওয়া মোবাইল হ্যান্ডসেট সংক্রান্ত অভিযোগ লিপিবদ্ধ করার আহ্বান জানিয়েছে।

\*\*\*\*\*

## **Weather :**

দোসরা অক্টোবর বিজয়া দশমী পর্যন্ত পশ্চিম জেলা, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ জেলার বিভিন্ন অঞ্চলে বজ্র বিদ্যুত সহ ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৭ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*

